

যে লক্ষ্যের পানে ছুটিয়া চলিয়াছে তাহার নিকট উপস্থিত হইতে এখনও তাহাকে একস্থানের মাথা ত্যাগ করিয়া স্থানান্তরে ছুটিয়া যাইতে হইবে, কালের যে বিশাল চক্র আবর্তিত হইতেছে তাহাকে আরও বহুবার চক্রাকারে আবর্তিত হইতে হইবে, কিন্তু মানুষের হৃদয় বিপরীত সুরে বাধা। মানুষ বলিতেছে, তোমার পরিবর্তন হউক ক্ষতি নাই, তোমার সকল পরিবর্তন বাধিয়া রাখিব আমি আমার মনের মধ্যে। পরিবর্তনের শ্রোতে তুমি অনেক দূর ভাসিয়া যাইবে সত্য, কিন্তু আমি প্রায় একই স্থানে থাকিয়া স্বল্প উত্তোলন করিয়া তোমার সেই পরিবর্তন দূর হইতে লক্ষ্য করিব, তারপর যখন দৃষ্টিপথের অতীতে চলিয়া যাইবে তখন তুমি থাকিবে বটে, কিন্তু তোমার দেখিবার জন্য আমি আর থাকিব না; অর্থাৎ তোমার পরিবর্তনের সামান্য একটি ভগ্নাংশ থাকিয়া অন্যান্য আরও বহু বস্তু ও প্রাণী যেমন বিলুপ্ত হইয়া গিয়াছে, আমিও তদ্রূপ বিলুপ্ত হইয়া যাইব।

রক্ষণশীল মানুষের ইহাই মনোভাব।

## আগমনী

শ্রীবীরেন্দ্র কুমার সরকার

প্রথম বর্ষ—সাহিত্য।

শরৎ মোদের দ্বারে আজি আসেরে—

সাথে লয়ে নবীনতা,

প্রাণে লয়ে সজীবতা,

প্রভাত তপন আজি ঐ হাসেরে ;

শরৎ মোদের দ্বারে আজি আসেরে।

শরৎ মোদের দ্বারে আজি আসেরে

তটিনীর বুকে জল

কল্ কল্ খল্ খল্

একূলে ওঁকূলে জল পড়ে ছাপিরে,

শরৎ মোদের দ্বারে আজি আসেরে।